মোঃ ইলিয়াছ উদ্দিন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সোনাতলা, বগুড়া কর্তৃক শিবগঞ্জ উপজেলাধীন সবুজ পল্লী কৃষি সমবায় সমিতি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন।

জেলা সমবায় অফিসার, বগুড়া মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-২৯২০, তারিখ-২৯/১০/২০২৩খ্রিঃ মূলে দায়িত্বপ্রাপ্ত হয়ে অদ্য ০৪/০৩/২০২৪খ্রিঃ তারিখে সরেজমিনে যাচাই ও পরিদর্শনের লক্ষ্যে সবুজ পল্লী কৃষি সমবায় সমিতি লিঃ এর অফিস ঠিকানায় উপস্থিত হই। কিন্তু সেখানে অফিস রুমে তালা দেখা গেলো। আশেপাশে জিজ্ঞাসা করে জানা যায় সমিতির অফিস ঘর অন্যত্র স্থানান্তর করা হয়েছে। রেকর্ড দৃষ্টে দেখা যায় নতুন ঠিকানায় অফিস স্থানান্তর করা হলেও উপ-আইন সংশোধন করা হয় নাই। লোকজন মারফত সেখানে যাই এবং সমিতির পরিদর্শন করি। পরিদর্শনকালে পুর্বের নিম্নরুপ তথ্যাদি উপস্থাপন করা হলো :

১। সমিতির নামঃ সবুজ পল্লী কৃষি সমবায় সমিতি লিঃ

২। সমিতির নিবন্ধন নং ও তারিখঃ নিবন্ধন নং-২৩, তারিখ-০৮/০৫/২০১৭খ্রিঃ।

৩। সমিতির ঠিকানাঃ গ্রাম- নাগর বন্দর, ডাকঘর- শিবগঞ্জ, উপজেলা- শিবগঞ্জ, জেলা- বগুড়া।

৪। সমিতির সদস্য সংখ্যাঃ ১৩৫ জন ।

৫। সমিতি পরিদর্শনের তারিখঃ ০৪/০৩/২০২৪ খ্রিঃ

০৬। ব্যবস্থাপনা কমিটিঃ

| ক্র:নং | নাম | পদবী | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব জিন্না মোল্লা | সভাপতি | ০৫/০৫/২০১৯খ্রিঃ |
| ০২ | জনাব রনি আকন্দ | সহ-সভাপতি | ০৫/০৫/২০১৯খ্রিঃ |
| ০৩ | জনাব আব্দুল বারী | সম্পাদক | ০৫/০৫/২০১৯খ্রিঃ |
| ০৪ | জনাব তহমিনা আক্তার | সদস্য | ০৫/০৫/২০১৯খ্রিঃ |
| ০৫ | জনাব রয়েদ আলী | সদস্য | ০৫/০৫/২০১৯খ্রিঃ |
| ০৬ | জনাব তোতা মিয়া | সদস্য | ০৫/০৫/২০১৯খ্রিঃ |

০৭। ব্যবস্থাপনা কমিটির ১ম সভা অনুষ্ঠান ও দায়িত্ব গ্রহনের তারিখঃ গত ০৫/০৫/২০১৯খ্রিঃ তারিখে নির্বাচনের মাধ্যমে কমিটি গঠিত হয় এবং ১ম সভা অনুষ্ঠিত হয় ০৫/০৫/২০১৯খ্রিঃ তারিখে । ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৪/০৫/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত বহাল ছিল । বর্তমানে সমিতিতে বৈধ কমিটি নাই । অতিসত্বর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন পূর্বক নির্বাচন অনুষ্ঠানের পরামর্শ প্রদান করা হলো ।

৮। শেয়ার মূলধনঃ পরিদর্শন তারিখে সমিতির বর্তমান মাসে কোন শেয়ার আদায় নাই। বাস্তবে সমিতির কার্যক্রম চালু আছে। শেয়ার রেজিষ্টার খাতা হালনাগাদ করার পরামর্শ প্রদান করা হলো। সদস্যদের আদায়কৃত শেয়ারের উপর কোন শেয়ার সার্টিফিকেট প্রদান করা হয়নি । উল্লেখ্য সমিতিতে শতভাগ শেয়ার সাটিফিকের্ট ইস্যু ও প্রদানের জন্য বলা হলো । নিয়মিত শেয়ার আদায়ের মাধ্যমে সমিতির মুলধন বৃদ্ধির পরামর্শ প্রদান করা হলো।

০৯। সঞ্চয় আমানতঃ পরিদর্শন তারিখে সমিতির বর্তমান মাসে কোন সঞ্চয় আদায় নাই। বাস্তবে সমিতির কার্যক্রম চালু আছে। সঞ্চয় আমানত রেজিষ্টার খাতা হালনাগাদ করার পরামর্শ প্রদান করা হলো। সমিতির মূলধন বৃদ্ধি এবং এজন্য সদস্যদেরকে সঞ্চয় আমানত প্রদানে উদ্বুদ্ধ করার জন্য অর্থ লগ্নী প্রতিষ্ঠানের সংগে সংগতি রেখে আদায়কৃত সঞ্চয় আমানতের উপর সুদ বা ইনসেনটিভ প্রদান করার জন্য পরার্মর্শ প্রদান করা হলো। তারল্য তহবিল ও আমানত সুরক্ষা তহবিল গঠন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

১০। আমানত গ্রহনঃ পরিদর্শনকালে দেখা যায় সমিতিতে কোন আমানত গ্রহন করা হয়েছে কিনা তা জানা গেলো না।

১১। বার্ষিক সাধারণ সভাঃ সমিতির কার্যালয়ে ২০২১-২০২২ অডিট বর্ষের অডিট নোট সরবরাহ না করায় সর্বশেষ বার্ষিক সাধারন সভার তারিখ জানা গেলনা। তবে ২০২০-২০২১ অডিট বর্ষে অডিট নোট দৃষ্টে দেখা যায় ১৪/১১/২০২১খ্রি: তারিখে সমিতির বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক সাধারন সভা হলো সমিতির ব্যবস্থাপনা কমিটির জবাবদিহিতা, সাধারন সদস্যদের মতামত এবং আগামী বর্ষের বাজেট প্রনয়নের ক্ষেত্র। কাজেই যথাসময়ে আইন ও বিধি মোতাবেক বার্ষিক সাধারন সভা অনুষ্ঠানের পরামর্শ দেওয়া হলো।

১২। ব্যবস্হাপনা কমিটির সভাঃ পরিদর্শনকালে দেখা যায় যে, ব্যবস্থাপনা কমিটির কতটি সভা অনুষ্ঠিত হয়েছে তা জানা গেলো না।

১৩। সমিতির সভ্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকাঃ সমিতির সভ্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকা সমগ্র শিবগঞ্জ পৌরসভার মধ্যে সীমাবদ্ধ। উক্ত এলাকার বাহিরে কোন কার্যক্রম পরিচালনা করছে কিনা তা জানা গেল না। নিবন্ধীত কর্ম এলাকার বাহিরে কোন কার্যক্রম পরিচালনা না করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

১৪। তারল্য তহবিল সংরক্ষণঃ সমবায় সমিতি বিধিমালা অনুযায়ী সমিতির তারল্য তহবিল নাই মর্মে দেখা গেল।সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৬৭ বিধি মোতাবেক তারল্য তহবিল সংরক্ষনের জন্য বলা হলো।

১৫। শাখা অফিসঃ পরিদর্শনকালে দেখা যায় সমিতির নামে কোন শাখা অফিস নাই।

১৬। ব্যাংকিং কার্যক্রমঃ সমিতিটি কোন অবৈধ ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে কিনা তা জানা গেল না।

১৭। ঋন কার্যক্রমঃ সমিতির রেজিষ্টার খাতা হালনাগাদ না থাকায় পাওনা ঋনের পরিমান জানা গেলনা। ঋণ/কর্জ প্রদানের ক্ষেত্রে বিধি ৭৪(১) অনুসরণ করতে পরামর্শ দেয়া হলো।

১৮। সদস্য ভর্তি ও বাতিলঃ পরিদর্শনকালে দেখা যায় ৩১/১২/২০২৩খ্রি: তারিখে সমিতিতে মোট সদস্য সংখ্যা ১৩৫ জন ছিলো। সমিতির উপ-আইন মতে সদস্য ভর্তি ও বাতিল প্রক্রিয়া অনুসরনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

সাধারন মন্তব্যঃ সমিতির নিবন্ধিত অফিস ঠিকানাঃ গ্রামঃ নাগর বন্দর, ডাক-শিবগঞ্জ, উপজেলা-শিবগঞ্জ, জেলা-বগুড়ায় অবস্থিত। কিন্তু সমিতিটি বর্তমানে নতুন ঠিকানায় অবস্থিত। এ বিষয়ে উপ-আইন সংশোধন

করা প্রয়োজন। পরিদর্শনকালে সমিতির রেকর্ডপত্র ও স্থানীয় লোকজন মারফত জানা যায় সমিতিতে বৃহত্তর পরিসরে ঋন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। সমিতির খাতাপত্রসমূহ নিয়মিতভাবে সংরক্ষন ও লিপিবদ্ধ করা হয় না। সমিতিটির রেকর্ডপত্র দৃষ্টে সমিতিটি ঝুঁকিপূর্ন বলেই আমার কাছে প্রতীয়মান হয়। এমতাবস্থায় মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য দৃষ্টি আকর্ষন করছি।

(মোঃ ইলিয়াছ উদ্দিন)
পরিদর্শনকারী কর্মকর্তা ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
সোনাতলা,বগুড়া।

স্মারক নং-০৫/১(৬) তারিখঃ ০৫/০৬/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১. জেলা সমবায় অফিসার, বগুড়া।

২. উপজেলা সমবায় অফিসার, সোনাতলা/শিবগঞ্জ, বগুড়া।

৩. সভাপতি/সম্পাদক, সবুজ পল্লী কৃষি সমবায় সমিতি লিঃ, গ্রাম-নাগর বন্দর, ডাক-শিবগঞ্জ, উপজেলা-শিবগঞ্জ, জেলা-বগুড়া। তাঁকে পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ১৫ দিনের মধ্যে (০২) দুই প্রস্থ বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।

০৫/০৬/২০২৪
পরিদর্শনকারী কর্মকর্তা ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
সোনাতলা, বগুড়া।

# সবুজ পল্লী কৃষি সমবায় সমিতি লিঃ

রেজি নং-২৩, তারিখ-০৮/০৫/২০১৭ইং

নাগরবন্দর, শিবগঞ্জ, বগুড়া।

মাসিক আয় ও ব্যয়ের হিসাব বিবরণী

মাসের নাম ঃ ফেব্রুয়ারি/২০২৪ ইং মাস।

| জমা/আয় | | | | | খরচ/ব্যয় | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | জমার হিসাব | বিগত মাস | বর্তমান মাস | এ পর্যন্ত সর্বমোট | খরচের হিসাব | বিগত মাস | বর্তমান মাস | এ পর্যন্ত সর্বমোট |
| ০১ | ঋন আদায় | ২১০৬৫৫ | - | ২১০৬৫৫ | ঋন বিতরন | ২৩০০০০ | - | ২৩০০০০ |
| ০২ | সাধারন সঞ্চয় আদায় | ১২২২০ | - | ১২২২০ | বেতন | ১৬০০০ | - | ১৬০০০ |
| ০৩ | সার্ভিস চার্জ আদায় | ২৮৭২১ | - | ২৮৭২১ | যাতায়াত | - | - | - |
| ০৪ | ভর্তি ফি আদায় | ৬০০ | - | ৬০০ | ষ্টেশনারী (ছাপা মনোহারি) | ২৪০ | - | ২৪০ |
| ০৫ | পাশ বহি বিক্রয় | ১৪০ | - | ১৪০ | তেল জ্বালানী | - | - | - |
| ০৬ | ফরম ফরমেট বিক্রয় | ৫০০ | - | ৫০০ | শেয়ারের মুনাফা প্রদান | - | - | - |
| ০৭ | ঝুকি বীমা আদায় | - | - | - | অফিস ভাড়া | ২০০০ | - | ২০০০ |
| ০৮ | অনুদান প্রাপ্তি | - | - | - | মোবাইল বিল | - | - | - |
| ০৯ | প্রকল্প ফি আদায় | - | - | - | বিদ্যুৎ বিল | ৬০০ | ৩০০ | ৯০০ |
| ১০ | শিক্ষা উপকরণ | - | - | - | আপ্যায়ন | ১৮০ | ২০০ | ৩৮০ |
| ১১ | এফ ডি আর সুদ | - | - | - | বাৎসরিক সঞ্চয়ের সুদ প্রদান | - | - | - |
| ১২ | ব্যাংক সুদ প্রাপ্তি | - | - | - | মেরামত খরচ | - | - | - |
| ১৩ | অন্যান্য আয় | ৩০০ | ১০০ | ৪০০ | প্রচার ও প্রসার | - | - | - |
| ১৪ | - | - | - | - | সঞ্চয়ের সুদ প্রদান | - | - | - |
| ১৫ | - | - | - | - | বিবিধ ব্যয় | - | - | - |
| ১৬ | - | - | - | - | ব্যাংক চার্জ কর্তন | - | - | - |
| ১৭ | - | - | - | - | কিস্তি পরিশোধে সাঃ চার্জ ব্যয় | - | - | - |
| ১৮ | - | - | - | - | আসবাবপত্র ক্রয় | - | - | - |
| ১৯ | - | - | - | - | কমিশন প্রদান | - | - | - |
| ২০ | - | - | - | - | ফটোকপি | ৬০ | - | ৬০ |
| ২১ | - | - | - | - | - | - | - | - |
| ২২ | - | - | - | - | - | - | - | - |
| ২৩ | - | - | - | - | - | - | - | - |
| ২৪ | - | - | - | - | - | - | - | - |
| ২৫ | - | - | - | | - | - | - | - |
| | মোট | ২৫৩১৩৬ | ১০০ | ২৫৩২৩৬ | মোট | ২৪৯০৮০ | ৫০০ | ২৪৯৫৮০ |
| | আগত তহবিল | ১২৭৩৭ | ১৬৭৯৩ | ২৯৫৩০ | হস্তমজুত তহবিল | ১৬৭৯৩ | ১৬৩৯৩ | ৩৩১৮৬ |
| | সর্বমোট | ২৬৫৮৭৩ | ১৬৮৯৩ | ২৮২৭৬৬ | সর্বমোট | ২৬৫৮৭৩ | ১৬৮৯৩ | ২৮২৭৬৬ |

সম্পাদকের সাক্ষর

সভাপতির স্বাক্ষর